| ৬১৫ | ০.৫৫ | আংশিক | ০.০৩ |

**সর্বমোট= ৩.৬০ একর জমি**

মৌজা: টুটপাড়া, জে.এল.নং-৪, থানা: খুলনা সদর জেলা: খুলনা।

| দাগ নং (এস এ) | দাগে মোট জমি (একর) | আংশিক/পূর্ণ | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১৩২০ | ০.০৩ | আংশিক | ০.০১১ |
| ১৩২১ | ০.০৩ | আংশিক | ০.০১ |
| ১৩২২ | ০.০৮ | আংশিক | ০.০২১ |
| ২৩৪০ | ১.৯৮ | আংশিক | ০.০৮৯ |
| ২৩৮৪ | ৭.১৭ | আংশিক | ০.৩০ |
| ২৩৮৭ | .. | আংশিক | ০.০৩৩ |

| দাগ নং (এস এ) | দাগে মোট জমি (একর) | আংশিক/পূর্ণ | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ২৪০০ | ০.৩৩ | আংশিক | ০.০০৭ |
| ২৪০৩ | ০.০৯ | আংশিক | ০.০১১ |
| ২৪০৬ | ০.৭০৫৪৫ | আংশিক | ০.১১ |
| ২৪১৩ | ০.১৬ | আংশিক | ০.০১ |
| ২৪১৪ | ০.২৭ | আংশিক | ০.০০৪ |
| ২৪১৫ | ০.০৬৮৮ | আংশিক | ০.০১ |
| ২৪২৩ | ০.১৪ | আংশিক | ০.০১৫ |
| ২৪২৮ | ০.২৮ | আংশিক | ০.১৬৫০ |
| ২৪৩২ | ০.১৫ | আংশিক | ০.০০২ |
| ২৪৩৩ | ০.২৪ | আংশিক | ০.০১ |
| ২৪৩৪ | ০.২৬ | আংশিক | ০.০১৭০ |
| ২৪৩৫ | ১.১৯৮৩ | আংশিক | ০.১৬৭০ |
| ২৪৩৬ | ১.০২৬ | আংশিক | ০.০৩৫০ |
| ২৪৩৭ | ০.১০ | আংশিক | ০.০২১ |
| ২৪৩৮ | ০.১৮ | আংশিক | ০.০৪০ |
| ২৪৩৯ | ০.৫৪২৯ | আংশিক | ০.১১০ |
| ২৪৪০ | ০.০৬৩৭ | আংশিক | ০.০১৪০ |
| ২৪৪১ | ০.০৭৬৯ | আংশিক | ০.০১০ |
| ২৪৪২ | ০.০৫৮৫ | আংশিক | ০.০১৪০ |
| ২৪৪৩ | ০.৭৪৭৫ | আংশিক | ০.০১৬০ |
| ২৪৪৪ | ০.০৫১৬ | আংশিক | ০.০১৬০ |
| ২৪৪৫ | ০.০৬ | আংশিক | ০.০১০ |
| ২৪৪৬ | ৩২.২৭ | আংশিক | ০.০১০ |
| ২৪৯৬ | ০.৪২ | আংশিক | ০.০২১ |
| ২৪৯৯ | ০.০৩২২১ | আংশিক | ০.০২৩ |
| ২৫০০ | ০.০২ | আংশিক | ০.০০৫ |
| ২৫০১ | ০.১৬ | আংশিক | ০.০৯৮০ |
| ২৫০২ | ০.১৮ | আংশিক | ০.০৪৪০ |
| ২৫০৩ | .. | আংশিক | ০.০০৪ |
| ২৫০৫ | ০.০২ | আংশিক | ০.০১১০ |
| ২৫০৬ | ০.০৬ | আংশিক | ০.০০৮০ |

**সর্বমোট = ১.৫০২ একর।**

দুই মৌজা একত্রে সর্বমোট : (৩.৬০+১.৫০২)=৫.১০২ একর।

**মোঃ আমিন উল আহসান**
জেলা প্রশাসক।

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ৫৬.০২.০০০০.০০৬.১৮.১২১.১৬-১৬৪৬—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ২২ ধারার ক্ষমতাবলে বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন সংক্রান্ত গাইডলাইন এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা এর সাথে সামঞ্জস্যতা বিবেচনায় রেখে নিম্নলিখিত শর্তে Fair Electronics limited (কামারগাঁও, পুটিয়া, শিবপুর, নরসিংদী)-কে অস্থায়ী ভিত্তিতে "বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক" ঘোষণা করা হলো :

**শর্তাবলী :**

(১) Fair Electronics limited সকল সময় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বে-সরকারি এসটিপি গাইডলাইন এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন এর আওতায় প্রণীত সকল বিধি, প্রবিধি, গাইডলাইন এবং এ সংক্রান্ত সময় সময় সরকার কর্তৃক প্রবর্তিত অন্যান্য বিধি নির্দেশাবলি প্রতিপালন করতে বাধ্য থাকবে।

(২) ঘোষিত এ পার্কে বিনিয়োগের জন্য Fair Electronics limited প্রয়োজনীয় শর্তাদি পূরণ করলে সরকার কর্তৃক প্রদত্ত প্রনোদনাসমূহ প্রাপ্যতা অনুযায়ী প্রাপ্য হবেন।

(৩) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত Fair Electronics limited পার্ক অনুমতিপত্রে বর্ণিত স্থানের সম্পূর্ণ বা কোন অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা স্থানান্তর করতে পারবে না।

(৪) Fair Electronics limited কোন নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমের সাথে জড়িত হতে পারবে না।

(৫) Fair Electronics limited অর্থ বিভাগ কর্তৃক পার্ক অনুমতিপত্রের জন্য নির্ধারিত ফি পরিশোধ করতে বাধ্য থাকবে।

(৬) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ যে কোন সময় Fair Electronics limited এর কার্যক্রম বা আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির বিষয়ে ঘোষিত পার্কটি পরিদর্শন করতে পারবে।

(৭) অনুচ্ছেদ ০৩ ও ০৪ নং শর্তে বর্ণিত বিধান লংঘন করলে পার্ক অনুমতিপত্র স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাহার বলে গণ হবে এবং Fair Electronics limited এর বিরুদ্ধে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ শাস্তিমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(৮) Fair Electronics limited কর্তৃক ০১ (এক) বছরের মধ্যে সকল শর্ত পূরণে ব্যর্থ হলে পূর্বে গৃহীত সকল প্রকার আর্থিক সুযোগ-সুবিধা সরকারকে ফেরত দিতে বাধ্য থাকিবে।

(৯) Fair Electronics limited বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, বিধি, প্রবিধি, সরকার বা কর্তৃপক্ষের কোন আদেশ বা নির্দেশনা লংঘন করলে বা আবেদনপত্রে কোন অসত্য তথ্য প্রদান করে থাকলে কারণ দর্শানোর সুযোগ দিয়ে কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্র বাতিল, প্রত্যাহার বা কোন অংশ প্রত্যাহার করতে পারবে।

(১০) Fair Electronics limited-কে সাময়িকভাবে ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক হিসেবে ঘোষণা করা হলো। তবে উক্ত সময়ের মধ্যে Fair Electronics limited-কে বাংলাদে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা এবং বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক গাইড লাইন মোতাবেক সকল শর্ত পূরণ সাপেক্ষে স্থায়ীভাবে বে-সরকারী সফটওয়্যার টেকনোলজি পার্ক ঘোষণা করা হবে।

(১১) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ যে কোন সময় এ অনুমতিপত্র বাতিলের ক্ষমতা রাখে।

(১২) এ ঘোষণাপত্র আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**হোসনে আরা বেগম**, এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (সচিব)।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং **২১৪৮**—জনাব মোঃ গোলাম মোস্তফা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.) নেছারাবাদ, পিরোজপুরকে প্রশাসনিক কারণে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ.দা.), বেতাগী, বরগুনা হিসেবে বদলি করা হলো।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.০১৬.০৫.২২৫২(২৪)**—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

(১) জনাব মোঃ নাসির উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহাদেবপুর, নওগাঁ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাহারোল, দিনাজপুর।

(২) জনাব রতন কুমার প্রামাণিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ. দা.), সাঁপাহার, নওগাঁ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চ. দা.), মহাদেবপুর, নওগাঁ।

ক্রমিক নং-১ এ বর্ণিত কর্মকর্তাকে তার আবেদনের প্রেক্ষিতে বদলি করায় এ বদলির জন্য তিনি কোন টিএ/ডিএ পাবেন না।

মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপ-পরিচালক (সংস্থাপন)।

বাংলাদেশের

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

অফিস আদেশাবলি

তারিখ : ২৩ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৩/৪৯—জনাব মোঃ আমিরুল হক বিশ্বাস, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর এর জন্ম তারিখঃ ২০-১১-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ১৯-১১-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২০-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৯-১১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটি মঞ্জুরি আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৭/৫০—জনাব মোহাম্মদ আলী, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী এর জন্ম তারিখঃ ০৬-১১-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ০৫-১১-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০৬-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৫-১১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরি আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৪/৫৭—জনাব মোঃ জাহিদ সারওয়ার, সহকারী কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ঢাকা এর জন্ম তারিখঃ ২৯-১১-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ২৮-১১-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২৯-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ২৮-১১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটির মঞ্জুরি আদিষ্ট হয়ে জারি করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪৮/৪৮—জনাব মোঃ আবদুল মালেক, উপ-সহকারী অর্থ নিয়ন্ত্রক, ফাইন্যান্স কন্ট্রোলার (বিবিধ) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা এর জন্ম তারিখঃ ০৫-১১-১৯৫৮ খ্রিঃ। তাঁর বয়স ০৪-১১-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০৫-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৪-১১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটির মঞ্জুরি আদিষ্ট হয়ে জারি করা হলো।

মোঃ নওসাদ হোসেন
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।

প্রজ্ঞাপন

তারিখ : ৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ২য়/ইটি-৭(১)/বদলি/সিঃকমিঃ/২০০১/৪৩৯৬—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে বদলি/পদস্থ করা হলো :

জনাব মোঃ আহসান উল্লাহ, সহকারী কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ; অতিরিক্ত দায়িত্ব, সদর দপ্তর, সিলেট (পূর্ত শাখা ও জনপ্রশাসন শাখা)—আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শফিকুল ইসলাম
কমিশনার।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নং ৫৮.০৩.০০০০.০০২.১৫.০২৬.১৬-২১৮৬৮—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১৭৯.১৭-২৫৩, তারিখঃ ২০-০৭-২০১৭ খ্রিঃ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.১১.০০১.১৭-৫৯০, তারিখঃ ০৩-০৮-২০১৭ খ্রিঃ মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের "ফোরম্যান" এর (২য় শ্রেণির গেজেটেড) পদে নিম্নবর্ণিতকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকাঃ ১৬,০০০—৩৮,৬৪০ (গ্রেড-১০) ও তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতায় নিম্নোক্ত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম | পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | জনাব মহসিন হোসেন | আমির হোসেন | গ্রাম-চর পাঙ্গাশিয়া<br>ডাকঘর-ক্যাম্পেরহাট<br>থানা-রায়পুর<br>জেলা-লক্ষীপুর। | |

**শর্তসমূহ**

১। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং বিধি মোতাবেক যে কোন সময় নিয়োগ বাতিল করা যেতে পারে।

২। প্রাথমিক পর্যায়ে ২(দুই) বৎসর চাকরিকাল শিক্ষানবিশ হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকাল সাফল্যের সাথে উত্তীর্ণ হলে বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে।

৩। চাকরিতে নিয়োজিত থাকাকালীন প্রশাসনের কার্যক্ষমতা সচল রাখার জন্য এ অধিদপ্তরের সকল আইন-কানুন, বিধি-নিষেধ, সরকারি কর্মচারী আচরণ বিধি, সার্ভিস রুলস এবং অন্যান্য সরকারি আইন-কানুন যথাযথভাবে মেনে চলতে হবে।

৪। প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক আদিষ্ট হলে সকল প্রকার কায়িক পরিশ্রমসহ পদের সাথে সংশ্লিষ্ট যে কোন কাজ করতে বাধ্য থাকবে।

৫। বিভাগীয় বিধি মোতাবেক স্বল্প মূল্যে রেশন সামগ্রী এবং বিনামূল্যে ইউনিফর্ম সরবরাহ করা হবে।

৬। এ অধিদপ্তরের অধীনে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকারনামা স্বাক্ষর করতে হবে।

৭। দাখিলকৃত কোন সনদ যে কোন সময়ে ভুয়া প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি হতে বরখাস্ত করা হবে।

৮। এ অধিদপ্তরের অধীনে কর্মরত অবস্থায় অননুমোদিত কোন সংঘ, ইউনিয়ন অথবা এ্যাসোসিয়েশের সাথে জড়িত হতে পারবেন না।

উপর্যুক্ত শর্তে রাজি থাকলে আগামী **১২-১২-২০১৭** তারিখ (পূর্বাহ্নে) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স মিরপুর, ঢাকা এর নিকট যোগদানপত্র পেশ করতে হবে।

**ব্রিগেডিয়ার জেনারেল**
**আলী আহাম্মেদ খান**, পিএসসি (অবঃ)
মহাপরিচালক।

**উপ-পরিচালকের কার্যালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা**
**রাজশাহী অঞ্চল, রাজশাহী।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৩৮০/জঃপ্রঃ**—রাজশাহী অঞ্চলের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত সহকারী শিক্ষক-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নিজ বেতন ও বেতনস্কেলে নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি ভিত্তিক পদায়ন করা হলো :

মোঃ আলমগীর হোসেন, সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা), নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর—সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা), ভবানীগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, বাগমারা, রাজশাহী (শূন্য পদে)।

২। আবেদনক্রমে এই আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**ড. শরমিন ফেরদৌস চৌধুরী**
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)।

---

**উপপরিচালকের কার্যালয়**
**মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।**

**আদেশ**

তারিখ : ২৩ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৩৩.০২.০০০০.৩০৪.০১.১৮৮.৮৫-১১৯৮**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মৎস্য অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী মৎস্য কর্মকর্তাদ্বয়-কে বর্তমান পদ হতে বদলিপূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত শূন্য পদ ও কর্মস্থলে একই বেতন স্কেল ও পদমর্যাদায় বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল | যাঁর নিকট দায়িত্বভার হস্তান্তর করতে হবে/মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব নির্মল কুমার ঘোষ<br>সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>কোটচাঁদপুর, ঝিনাইদহ। | সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>তালা, সাতক্ষীরা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>কোটচাঁদপুর, ঝিনাইদহ। |
| ২. | জনাব সরদার জুলফিকার আলী<br>সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>রূপসা, খুলনা। | সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ফুলতলা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>রূপসা, খুলনা। |

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং কর্মকর্তাদ্বয়কে আগামী ৩০-১১-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে হবে অন্যথায় পরবর্তী কার্যদিবস হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Released) হয়েছেন বলে গণ্য হবে।

**রণজিৎ কুমার পাল**
উপপরিচালক।

---

**পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী।**

**অফিস আদেশাবলী**

তারিখ : ৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ২৪/২০১৭**—চট্টগ্রাম রেঞ্জ দপ্তর স্মারক নং-প্রশা/০৩-২০১৭(অংশ)/১৩৪২৭(৭) তাং ২৫-১১-১৭ খ্রিঃ মূলে নোয়াখালী জেলায় যোগদানকৃত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ ফিরোজ হোসেন মোল্লা (বিপি ৭০০১০৪৮৮১৫)'কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে অফিসার ইনচার্জ, বেগমগঞ্জ মডেল থানা, নোয়াখালী হিসেবে বদলি/পদায়ন করা হ'ল।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫/২০১৭**—নোয়াখালী জেলায় কর্মরত নিম্নের ছকে বর্ণিত পুলিশ পরিদর্শকদ্বয়কে তাদের নামের পার্শ্বে লিখিত কর্মস্থলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বদলি/পদায়ন করা হ'ল:

| ক্রমিক নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত/পদায়নকৃত নতুন কর্মস্থল, পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আবুল খায়ের, বিপি-৭৬০৪০৮০২৬৮<br>পুলিশ পরিদর্শক (তদন্ত), চাটখিল থানা, নোয়াখালী। | নিরস্ত্র পুলিশ পরিদর্শক<br>লাইন ও. আর., পুলিশ লাইন্স, নোয়াখালী। | জনস্বার্থে |
| ২ | জনাব মোঃ ইকবাল বাহার চৌধুরী, বিপি-৮০০৬১০১৪৬৫<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও. আর., নোয়াখালী। | পুলিশ পরিদর্শক (তদন্ত)<br>চাটখিল থানা, নোয়াখালী। | জনস্বার্থে |

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ইলিয়াছ শরীফ**, পিপিএম-সেবা
পুলিশ সুপার।

---

## বরিশাল মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স

### অফিস আদেশ

তারিখ : ০৩ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং বিএমপি(প্রশা:)/২০১৭/৩৭৬৭**—অবসর আইন ১৯৭৪ এর ৪ ধারা মোতাবেক বরিশাল মেট্রোপলিটন পুলিশে কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক এর নামের পার্শ্বে উল্লিখিত তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে এবং তার ছুটি পাওনা সাপেক্ষে **১২** (বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল (PRL) ছুটি মঞ্জুর করা হলো:

| ক্র: নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সেলিম খাঁন, বিপি নং-৫৮৭৬০৮০৫৬৪,<br>সশস্ত্র পুলিশ পরিদর্শক, বিএমপি, বরিশাল। | ০৫-১২-১৯৫৮ খ্রি: | ০৫-১২-১৭ তারিখ হতে ০৪-১২-১৮ তারিখ পর্যন্ত<br>১২(বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল। |

**এস এম রুহুল আমিন**
পুলিশ কমিশনার।

---

## রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স

### আদেশ

তারিখ : ২৭ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ২৬**—রেলওয়ে পুলিশের চট্টগ্রাম রেলওয়ে জেলায় কর্মরত নিম্নবর্ণিত অতিরিক্ত পুলিশ সুপারকে তার নামের পার্শ্বে বর্ণিত স্থানে জনস্বার্থে বদলি করা হল:

| ক্রমিক নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | জনাব রামানন্দ সরকার<br>(বিপি-৮২১১১৪২৫৩৫), অতিরিক্ত পুলিশ সুপার, চট্টগ্রাম রেলওয়ে জেলা। | অতিরিক্ত পুলিশ সুপার<br>ঢাকা রেলওয়ে জেলা। |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আবুল কাশেম**, বিপিএম-সেবা
অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক।

---

## রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ

### আদেশ

তারিখ : ০৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৫৬৫**—নিম্নবর্ণিত নিরস্ত্র/সশস্ত্র পুলিশ পরিদর্শক'গণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত জেলায় জনস্বার্থে বদলি করা হ'ল:

| ক্রকিম নং | নাম, বিপি নম্বর ও পদবি | পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ও তারিখ | বদলিকৃত জেলার নাম |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মাহমুদুল ইসলাম, পিপিএম<br>বিপি-৭২৯৬০১০৩০৪<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক | পুলিশ হেডকোয়ার্টার্স বিজ্ঞপ্তি নং জিএ/৫-২০১৭(ইস্যু)/৪০২৫<br>তারিখঃ ২৬-১১-২০১৭ খ্রিঃ মূলে নারায়ণগঞ্জ জেলা হতে আগত<br>০৪-১২-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে অত্র দপ্তরে যোগদানকৃত। | ময়মনসিংহ জেলা |
| ২। | জনাব মোঃ বেলায়েত হোসেন<br>বিপি-৬০৭৯০৯৪৮৩৭<br>সশস্ত্র পুলিশ পরিদর্শক | পুলিশ হেডকোয়ার্টার্স বিজ্ঞপ্তি নং জিএ/৭-২০১৭(ইস্যু)/৩৭৫৭<br>তারিখঃ ০৭-১১-২০১৭ খ্রিঃ মূলে নারায়ণগঞ্জ জেলা হতে আগত<br>০৪-১২-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র দপ্তরে যোগদানকৃত। | জামালপুর জেলা |

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**নিবাস চন্দ্র মাঝি**
ডিআইজি।

**জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী।**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল, এ কেস নং-০৭/২০১৪-১৫**
**ফরম-ই**
**(৬ নং বিধি দ্রষ্টব্য)**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত অধিগ্রহণকৃত স্থাবর সম্পত্তির ক্ষতিপূরণ বাবদ প্রাক্কলিত অর্থ ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশের ৭(৪) ধারা মোতাবেক নির্ধারিত ৬০ (ষাট) দিবসের মধ্যে জমা দিতে ব্যর্থ হয়েছেন।

সেহেতু, পূর্বোক্ত অধ্যাদেশ এর ১২ ধারার ১ উপ-ধারা বিধান অনুযায়ী উল্লিখিত অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অদ্য ০৪-১২-২০১৭ তারিখ হতে বাতিল ঘোষণা করলাম।

**তফসিল**

মৌজা:-নন্দীপাড়া, জেলা: নরসিংদী, উপজেলা: নরসিংদী সদর, জে, এল নং-২৯, আর, এস খতিয়ান নং ৬২, আর, এস দাগ নং-১৫৫৬, মোট: ১টি দাগে জমির পরিমাণ ০.৪৫ একর (কম/বেশী)।

**মোঃ মাহবুব হাসান শাহীন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল, এ কেস নং-০৫/১৬-১৭**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ, সংশোধিত ১৯৯৪ সনের ২০নং আইন) এর ১০নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে মর্মে পরিগণিত হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১নং ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-চাঁদপুর, উপজেলা-কচুয়া, মৌজা-বুধন্ডা, জে, এল নং-২৭।

| খতিয়ান (বি,আর,এস) | দাগ (বি,আর,এস) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩০১৩ | ১১৭১৯ | ০.০২৮০ |
| ৩০১৩ | ১১৯৫৯ | ০.০৩৮০ |
| ৩০১৪ | ১১৯৬৬ | ০.০২০০ |
| ১৬২৩ | ১১৯৬৭ | ০.০৬৭০ |
| ৩০১৪ | ১১৯৬৮ | ০.০৮৭০ |
| ৩০১৪ | ১১৯৬৯ | ০.০৩০০ |
| ১৬৩৩ | ১১৯৭০ | ০.০৫০০ |
| ৩২০, ১৭৩৬, ২২০৮, ২৪৭২ | ১১৯৭১ | ০.১৯০০ |
| ১৯২৭ | ১১৯৭৮ | ০.০২০০ |

মোট জমির পরিমাণ=০.৫৩০০ একর।

**মোঃ আব্দুস সবুর মন্ডল**
জেলা প্রশাসক।

**এল, এ কেস নং-০৮/১৬-১৭**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ, সংশোধিত ১৯৯৪ সনের ২০নং আইন) এর ১০নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে মর্মে পরিগণিত হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১নং ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-চাঁদপুর, উপজেলা-কচুয়া, মৌজা-আকানিয়া, জে, এল নং-৭৩

| খতিয়ান (বিআরএস) | দাগ (বিআরএস) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ০১ | ১২৯ | ০.০১৪০ |
| ২২১, ২৪৬, ২৫১, ২৫৫ | ১৩৪ | ০.০৯৬০ |
| ২০, ২২১, ১৪৬, ২৫১, ২৫৫ | ১৩৫ | ০.০৩০০ |
| ২২১, ২৫৫ | ১৩৬ | ০.১২০০ |
| ০১ | ১৩৭ | ০.০৩০০ |
| ২০, ৩০, ৩৭, ১৩৫, ২২১, ২৪৬, ২৫১, ২৫৫, ৩০৪ | ১৩৮ | ০.১০০০ |
| ১১২, ২৩০ | ৫৯২ | ০.০৬০০ |
| ৩৫, ৫০, ৬৮, ৮০, ৮২, ৮৭, ১০৮, ১১২, ১৮৪, ১৯৮, ২৩০, ২৬৪, ২৮৯ | ৫৯৩ | ০.১০০০ |

মোট জমির পরিমাণ=০.৫৫০০ একর।

**মোঃ আব্দুস সবুর মন্ডল**
জেলা প্রশাসক।

---

**এল, এ কেস নং-০৯/১৬-১৭**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ, সংশোধিত ১৯৯৪ সনের ২০নং আইন) এর ১০নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে মর্মে পরিগণিত হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১নং ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-চাঁদপুর, উপজেলা-কচুয়া, মৌজা-বারৈয়ারা, জে,এল নং-১

| খতিয়ান (বি,আর,এস) | দাগ (বি,আর,এস) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ১৪৭৭ | ০.০৩০ | |
| ১/১ | ১৪৭৯ | ০.০৭০ | |
| ১/১ | ১৪৮০ | ০.৩৩০ | |
| ৭৭৭ | ১৪৮৩ | ০.০১০ | |
| ১/১ | ১৫৩৯ | ০.০৩৩০ | |
| ১/১ | ১৫৪০ | ০.১০০০ | |
| ১/১ | ১৫৪৪ | ০.০০৫০ | |
| ১/১ | ১৫৪৫ | ০.০৫৪০ | |
| ১/১ | ১৫৫০ | ০.১১৩০ | |
| ১/১ | ১৫৫১ | ০.০৪০০ | প্রস্তাব পূর্ণ দাগ |
| ১/১ | ১৫৫২ | ০.০৭৪০ | |
| ১/১ | ১৫৫৩ | ০.০২৬০ | |
| ১/১ | ১৫৫৪ | ০.১৩৬০ | |
| ১/১ | ১৫৫৫ | ০.১২৬০ | |
| ১/১ | ১৫৫৭ | ০.০১৪০ | |
| ১/১ | ১৫৫৮ | ০.০৩৭০ | |

**মোট জমির পরিমাণ=১.২১০০ একর।**

**মোঃ আব্দুস সবুর মন্ডল**
জেলা প্রশাসক।

---

**এল, এ কেস নং-১০/১৬-১৭**

**ফরম-ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ, সংশোধিত ১৯৯৪ সনের ২০নং আইন) এর ১০নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে মর্মে পরিগণিত হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১নং ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-চাঁদপুর, উপজেলা-কচুয়া, মৌজাঃ সুরাইল, জে, এল নং-৫।

| খতিয়ান (বি,আর,এস) | দাগ (বি,আর,এস) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২০৮ | ২৫৭৬ | ০.০৭৫০ |
| ৮২০ | ২৫৭৭ | ০.১৫৫০ |
| ২৭৮ | ২৫৭৮ | ০.০১৫০ |
| ৭৫০ | ২৬৫১ | ০.০২৫০ |

**মোট জমির পরিমাণ=০.২৭০০ একর।**

**মোঃ আব্দুস সবুর মন্ডল**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**১৯৮২ খ্রি. সনের ২নং অধ্যাদেশ এর ২০১৬ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং ০১/২০১৬-১৭ খ্রি.।**

**ফরম-'ঘ'**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহিত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলাঃ মৌলভীবাজার, উপজেলাঃ কমলগঞ্জ, মৌজাঃ রাধানগর, জেএল নং-৪৪।

| খতিয়ান নম্বর | দাগ নম্বর | শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৩৩৫ | ১৫০৪ | সাইল | ০.৪০ |

**মোহাম্মদ আশরাফুল আলম খাঁন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**১৯৮২ খ্রি. সনের ২নং অধ্যাদেশ এর ২০১৬ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং ০৩/২০১৬-১৭ খ্রি.।**

**ফরম-'ঘ'**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহিত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলাঃ মৌলভীবাজার, উপজেলাঃ জুড়ী, মৌজাঃ দক্ষিণ ভবানীপুর, জেএল নং-২৭।

| খতিয়ান নম্বর | দাগ নম্বর | শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১১৯ | ৪৩৯ | সাইল | ০.৩৩ |
| ১১৯ | ৪৪১ | আমন | ০.১১ |
| ১২২ | ৪৪০ | সাইল | ০.৩১ |
| ১২২ | ৪৩০ | সাইল | ০.১৭ |
| ১৩১ | ৪৩৩ | সাইল | ০.০৮ |
| ১৩১ | ৪৩৪ | সাইল | ০.১১ |
| ১৩১ | ৪৩৭ | সাইল | ০.২১ |
| ১৩১ | ৪৩৮ | সাইল | ০.১৯ |
| | | সর্বমোট= | ১.৫১ একর। |

**মোহাম্মদ আশরাফুল আলম খাঁন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নবাবগঞ্জ, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.৪১.২৬৬২.০০০.৫৭.০১০.১৩-১১৪৪—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ তোফাজ্জল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, ঢাকা সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার ৬নং যন্ত্রাইল ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ড সদস্য জনাব শেখ আয়নাল, পিতাঃ মৃত শেখ জামাল, মাতাঃ আমেনা বেগম, গ্রামঃ হরিষকুল, ডাকঘরঃ নবাবগঞ্জ, উপজেলাঃ নবাবগঞ্জ, জেলাঃ ঢাকা গত ২৯-১১-২০১৭ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ০৬:১৫ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। এমতাবস্থায়, ০৬নং যন্ত্রাইল ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ ওয়ার্ড সদস্য এর পদটি ৩০-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ তোফাজ্জল হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ভান্ডারিয়া, পিরোজপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৪ বঃ/৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.১০.৭৯১৪.০০৬.০২.০১৫.১৭-৯৯০—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন ৭নং গৌরীপুর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ মহিউদ্দিন মিজান গাজী, পিতা মৃতঃ হুকুম আলী গাজী, সাং-পৈকখালী, পোঃ পৈকখালী, উপজেলা ভান্ডারিয়া, জেলা-পিরোজপুর গত ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(ঙ) ও ৩৫(২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি শাহীন আক্তার সুমী, উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর ৭নং গৌরীপুর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করছি।

**শাহীন আক্তার সুমী**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.৪০.৫০.৭০.৬৭৭.০৫.০১৩.১৫-১১৪৬—কুষ্টিয়া জেলাধীন কুষ্টিয়া সদর উপজেলার ০৫নং আলামপুর ইউনিয়ন পরিষদের ৭, ৮, ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত সদস্য জনাব মোছাঃ হামিদা খাতুন, স্বামী-মৃত আজিজুল হক, গ্রাম-আলামপুর, উপজেলা-কুষ্টিয়া সদর, জেলা-কুষ্টিয়া, গত ১৯-১১-২০১৭ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ২-০০ ঘটিকায় তাঁর নিজ বাড়ীতে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী, উপরোল্লিখিত সংরক্ষিত আসনের সদস্য পদটি উক্ত সদস্যের মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ ইবাদত হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কচুয়া, বাগেরহাট।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ০৫.৪৪.০১৩৮.০০১.৩৩.০৬৮.১৭-৮৭৫—আমি তাসমিন ফারহানা, উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট এই মর্মে গেজেট বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, ৬নং রাড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব নিমাই কুমার দত্ত গত ১৭-১১-২০১৭ খ্রিঃ তারিখে অকাল মৃত্যুতে ৬নং রাড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩৫ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া। (১) চেয়ারম্যান বা কোন সদস্যের পদ শূন্য হইবে, যদি-(ঙ) তিনি মৃত্যুবরণ করেন; অথবা (২) উপ-ধারা (১) অনুযায়ী চেয়ারম্যান বা কোন সদস্যের পদ শূন্য হইলে উক্ত আইন মোতাবেক গেজেট বিজ্ঞপ্তি জারিসহ উক্ত সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

**তাসমিনা ফারহানা**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বরকল, রাঙ্গামাটি পার্বত্য জেলা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৮ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪২.৮৪২১.০০০.১৮.০৪৯.১৭-১০১৫**—গত ২৩ মে, ২০১৭ খ্রিঃ তারিখে ভূষণছড়া ইউনিয়ন পরিষদের ০১ ও ০২ নং সংরক্ষিত ওয়ার্ড এবং ০১, ০২, ০৩, ০৪ ও ০৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়। গত ১১ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ গেজেট প্রকাশিত হলে ১০-০৭-২০১৭ খ্রিঃ তারিখ নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণের জন্য পত্র দেয়া হয়। সদস্যবৃন্দ (০১নং ওয়ার্ড-সুরেশ কুমার চাকমা, ০২নং ওয়ার্ড-প্রীতি শংকর দেওয়ান, ০৩ নং ওয়ার্ড-জয়সেন কার্বারী, ১, ২, ৩নং ওয়ার্ড (মহিলা সংরক্ষিত আসন) রিপনা চাকমা, ০৪নং ওয়ার্ড-পাত্তর মনি চাকমা, ৪, ৫, ৬নং ওয়ার্ড (মহিলা সংরক্ষিত আসন) জোৎস্না চাকমা, ০৯নং ওয়ার্ড-হরি লাল চাকমা নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হন এবং শপথ গ্রহণে অপারগতা প্রকাশ করেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারা (১) উপ-ধারা (গ) মতে উক্ত ০৭ জন সদস্যের সদস্য পদ শূন্য ঘোষণা করা হল।

**সাজিয়া পারভীন**
উপজেলা নির্বাহী অফিসার।